



তারিখ: ১৮/০৭/২০২১ খ্রিঃ

স্মারক নম্বর ০৫.৪৩.৬৪০৩.০০০.০৬.০০৭.২১-৬২৫

বিষয় : দফাদারের শূন্য পদে পদোন্নতির জন্য নিয়োগ বিজ্ঞপ্তি।

সূত্র : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ১৫/১১/২০১৬ খ্রিঃ তারিখে ও সংশোধিত নভেম্বর/২০১৬ তারিখে প্রকাশিত (সংশোধিত গেজেট প্রজ্ঞাপন/বিধি (৪) ও বিধি(১০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রাণীনগর উপজেলাধীন নিম্ন বর্ণিত ইউনিয়ন পরিষদের দফাদারের পদ শূন্য রয়েছে।

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | শূন্য পদের সংখ্যা |
|---------|-------------|-------------------------|-------------------|
| ০১ | রাণীনগর | ০৩ নং গোনা ইউনিয়ন | ০১(এক) জন |
| ০২ | -ঐ- | ০৬ নং কালিগ্রাম ইউনিয়ন | ০১ (এক) জন |
| ০৩ | -ঐ- | ০৭ নং একডালা ইউনিয়ন | ০১(এক) জন। |

শূন্য পদে পদোন্নতির মাধ্যমে দফাদার নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত তথ্য সহ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

তথ্য সমূহ :

(১) আবেদনকারীর নাম (২) পিতা/স্বামীর নাম (৩) মাতার নাম (৪) বয়স (৫) জাতীয় পরিচয় পত্র নম্বর (৬) স্থায়ী ঠিকানা (৭) বর্তমান ঠিকানা (৮) শারীরিক যোগ্যতা(৯) ধর্ম(১০) শিক্ষাগত যোগ্যতা।

শর্তসমূহ :

- ০১। প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। যেহেতু পদোন্নতির মাধ্যমে নিয়োগ দেয়া হবে সেহেতু প্রার্থীর বয়স শিথিলযোগ্য।
- ০৩। প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
- ০৪। প্রার্থীর শারীরিক যোগ্যতা (ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট-২ ইঞ্চি; বুকের মাপ ৩০' (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন- ৫০ কেজি। (খ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; সর্বনিম্ন বুকের মাপ ২৮' (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন- ৪৫ কেজি।
- ০৫। প্রার্থীকে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।
- ০৬। প্রার্থীকে আবেদনের সাথে ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি(সত্যায়ন সহ) দাখিল করতে হবে।
- ০৭। আবেদনের সাথে নাগরিকত্ব সনদ, জন্ম সনদ ও শিক্ষাগত যোগ্যতা সনদ সংযুক্ত করতে হবে।
- ০৮। প্রার্থীকে উপরোক্ত তথ্য সহ আবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর আগামী ০২/০৮/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের (বিকাল ৫.০০ টা) মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাণীনগর,নওগাঁ এর ঠিকানায় সরাসরি/ডাকযোগে জমা প্রদান করতে হবে।
- ০৯। প্রার্থীকে বিদ্যমান অবস্থায় সরকার কর্তৃক নির্ধারিত মাসিক ৭,০০০/- (সাত হাজার) (সরকার কর্তৃক বর্ধিত করা হলে তা প্রযোজ্য হবে) টাকা প্রদান করা হবে।
- ১০। প্রার্থীকে কোন প্রকার টি,এ/ডি,এ বা যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

(সুশান্ত কুমার মাহাতো)
উপজেলা নির্বাহী অফিসার
রাণীনগর,নওগাঁ।

১৮/০৭/২০২১

১। উপজেলা----- অফিসার, রাণীনগর নওগাঁ।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানো সহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাণীনগর নওগাঁ।(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩। চেয়ারম্যান----- ইউপি, রাণীনগর, নওগাঁ।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানো সহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

বিতরণ : (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ২। উপ পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাণীনগর নওগাঁ।